



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

গুলফেশাঁ প্লাজা (১২তম, তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগ বাজার, ঢাকা-১২১৭

ফোনঃ চেয়ারম্যান- ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য- ৯৩৩৬৩৬৯, সচিব- ৯৩৩৬৮৬৩

হেল্প লাইন- ৯৩৪৭৯৭৯ (সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা)

ফ্যাক্সঃ ৮৩৩৩২১৯; ই-মেইলঃ [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: জামাকন/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩- ৩০০১

তারিখ: ২৪/০৫/২০১৫

### ২২ বছরের গারো তরণীকে গণধর্ষণ

#### জাতীয় মানবাধিকার কমিশন- এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ

বিগত ২২ মে, ২০১৫ তারিখ শুক্রবার রাত্রি সাড়ে ৯ টার দিকে কর্মসূল থেকে উত্তরার বাসায় ফেরার পথে কুড়িল বিশ্বরোডে বাসের অপেক্ষায় অপেক্ষারত ২২ বছরের গারো তরণীকে ২ জন যুবক জোর পূর্বক মাইক্রোবাসে তুলে নেয়। এবং পরে তার চোখ-মুখ বেধে ৫ জন পালাক্রমে জোরপূর্বক ধর্ষণ করে যা মানবাধিকারের চরম লজ্জান। এ ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন তীব্র নিন্দা জানাচ্ছে। পাশাপাশি দেশের বিভিন্ন স্থানে নারী সমাজের উপর আক্রমণ ও হামলার ঘটনায় কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে।

জাতীয় মানবাধিকার কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব কাজী রিয়াজুল হক এর নেতৃত্বে কমিশনার ও কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি প্রতিনিধিদল অদ্য ঢাকা মেডিকেল কলেজের ওয়ানষ্টপ ক্রাইসিস সেন্টারে তরণীকে দেখতে যান। প্রতিনিধিদল তরণীর চিকিৎসার সর্বশেষ অবস্থা সম্পর্কে খোজ খবর নেন এবং ভিকটিম এর জেন মনস্তাত্ত্বিক বিপর্যয় না ঘটে সে জন্য কাউন্সিলিংসহ সকল প্রকার সেবা প্রদানের জন্য পরিচালক, ঢাকা মেডিকেল কলেজকে অনুরোধ জানানো হয়।

সাম্প্রতিক সময়ে নারীর প্রতি সহিংসতা, ধর্ষণ এবং হামলার ঘটনা বৃদ্ধি পাচ্ছে যা বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে এবং যথাসময়ে ন্যায়বিচার নিশ্চিত না হওয়ায় দুর্বৃত্ত নিয়ন্ত্রণহীন হয়ে পড়েছে। এ ধরণের ঘৃণ্য ঘটনায় আইন শৃঙ্খলা রক্ষকারী বাহিনীর নিষ্পত্তি ও নিষ্ক্রিয়তায় কমিশন গভীরভাবে উদ্বিগ্ন। কমিশন মনে করে, এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি রোধে এসব ঘটনা দ্রুত আমলে নিয়ে যথোপযুক্ত পদক্ষেপ নেয়া আবশ্যিক। কমিশন আশা প্রকাশ করে যে, কর্তৃপক্ষ দ্রুত এ ব্যাপারে আসামিদের প্রেঙ্গার এবং জড়িতদের বিরুদ্ধে আইনানুগভাবে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করবে এবং রাষ্ট্রকর্তৃক নাগরিকদের যথাযথ নিরাপত্তা প্রদান করতে না পারায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নিশ্চিত করবে।

ধন্যবাদসহ

মোঃ হুমায়ুন কুরী  
পরিচালক (যুগ্ম-সচিব)

জাতীয় মানবাধিকার কমিশন

ফোনঃ ৯৩৩৫৫৬৪